

Association of Health Service Doctors

West Bengal

Registration No: S/53390 of 1986-'87



Central Association Office : 91, Raja Dinendra Street, Kolkata - 700 006
Postal Address : Post Bag No. 16408, Kolkata - 700020
Phone : 2352 4889, Fax : (033) 2352 4850
E-mail : ahsdwb@hotmail.com

Your Ref:

Date:

Our Ref. AHSD/BR/115/10

Date : 16/09/2010

শাখা সম্পাদক

..... শাখা

অ্যাসোসিয়েশন অফ হেলথ সার্ভিস ডক্টরস, পশ্চিমবঙ্গ

বিষয় : ২৭ সেপ্টেম্বর ২০১০ – হাসপাতালে হামলাবাজীর বিরুদ্ধে মিছিল-সমাবেশ এবং মুখ্যমন্ত্রীর কাছে ডেপুটেশন কর্মসূচী।

প্রিয় বন্ধু,

সাম্প্রতিক সময়ে হাসপাতাল-স্বাস্থ্যকেন্দ্রে ক্রমাগত হামলাবাজীর ঘটনা বাড়ছে। অথচ এ সংক্রান্ত যে নতুন আইন সরকার প্রণয়ন করেছে – তার যথাযথ প্রয়োগ হচ্ছে না।

এই পরিপ্রেক্ষিতে – অ্যাসোসিয়েশনে একটি কেন্দ্রীয় কর্মসূচীর পরিকল্পনা নিয়েছে। আগামী ২৭ সেপ্টেম্বর ২০১০ বিকেল ৩টের সময় – এন আর এস মেডিক্যাল কলেজ থেকে সুবোধ মল্লিক স্কোয়ার পর্যন্ত চিকিৎসকদের মিছিল এবং তারপর সমাবেশ। সমাবেশ থেকে সংগঠনের প্রতিনিধিবৃন্দ যাবেন মুখ্যমন্ত্রীর কাছে ডেপুটেশন দিতে।

এই কর্মসূচীকে সফল করার জন্য সংগঠনের সর্বস্তরে সর্বাঙ্গিক উদ্যোগ নিতে হবে। এই চিঠির সঙ্গে – আপনার শাখার জন্য কর্মসূচী সংক্রান্ত পোস্টার, প্রচার পুস্তিকা এবং দাবী ব্যাজ পাঠানো হল।

শাখার সদস্যদের নিয়ে বসুন – আলোচনা করুন – প্রচার করুন।

মিছিল-সমাবেশে অংশগ্রহণ করার জন্য পরিকল্পিত উদ্যোগ নিন – সকলে এক সঙ্গে আসার জন্য বাস/গাড়ী ভাড়া করতে পারেন। আপনার শাখা থেকে অবশ্যই শাখার ব্যানার সঙ্গে নিয়ে আসবেন।

সকলের সম্মিলিত অংশগ্রহণের উপরই এই কর্মসূচীর সাফল্য নির্ভর করবে।

অভিনন্দন সহ -

(ডাঃ সত্যজিৎ চক্রবর্তী)

সাধারণ সম্পাদক